


# আমার দ্রুত রোগনির্ণয় হয়েছিল

## আমার My Care Record (আমার পরিচর্যা সংক্রান্ত রেকর্ড)-এর তথ্যাবলীকে ধন্যবাদ জানাই।

আপনার জিপি (GP), হাসপাতাল, কমিউনিটি স্বাস্থ্য, মানসিক স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা দলগুলির কাছে আলাদা আলাদাভাবে আপনার পরিচর্যা সংক্রান্ত সমস্ত রেকর্ডগুলি রয়েছে।

প্রায়ক্ষেত্রে, একই সংস্থার মধ্যে শুধুমাত্র স্বাস্থ্য ও পরিচর্যা পেশাদাররা এই তথ্যাবলী দেখতে পারেন। এর মানে হল একসাথে কাজ করে সেরা পরিচর্যা প্রদানের বিষয়টি কঠিন হয়ে উঠতে পারে।

যখন এই তথ্যাবলীকে আরো একত্রিততভাবে উপলব্ধ করানো হয়, স্বাস্থ্য ও পরিচর্যা পেশাদাররা আরো দ্রুত, আরো কার্যকরীভাবে আপনাকে ও আপনার পরিবারকে পরিচর্যা প্রদান করতে পারেন।

*My Care Record-এর মাধ্যমে স্বাস্থ্য ও পরিচর্যা পেশাদাররা আপনার সংক্রান্ত তথ্যাবলী গ্রহণ করতে পেরে আপনার পরিচর্যাকে উন্নত করতে পারেন।*

**এটি যা প্রদান করে:**

- আরো ভাল সমন্বিত পরিচর্যা
- দ্রুততর রোগনির্ণয় ও চিকিৎসা
- পরিচর্যাতে আরো সময় ব্যয় করতে পারা
- কম কাগজপত্রের ঝামেলা ও কম পুনরাবৃত্তি
- অপ্রয়োজনীয় ক্লিনিক্যাল পরীক্ষার সংখ্যা হ্রাস পাওয়া
- আরো নিখুঁত প্রেসক্রিপশনগুলি
- উন্নততর স্বাস্থ্য ও পরিচর্যার পরিকল্পনা

My Care Record

আমাদের অঞ্চলের স্বাস্থ্য ও পরিচর্যা পেশাদাররা একটি কার্যধারা প্রয়োগের জন্য একসাথে কাজ করছেন, যার নাম হল My Care Record।

My Care Record-এর মাধ্যমে স্বাস্থ্য ও পরিচর্যা পেশাদাররা আপনার দেখাশোনা করার জন্য তাদের প্রয়োজনীয় তথ্যাবলী অ্যাকসেস করতে পারেন, এমনকি তারা অন্য সংস্থাতে বা অন্য অবস্থানে কাজ করলেও তা করতে পারেন। এর মধ্যে জিপি (GP), হাসপাতালের ক্লিনিশিয়ান, নার্স, হেল্‌থ ভিজিটর ও সোশ্যাল ওয়ার্কাররা অন্তর্ভুক্ত আছেন। ইংল্যান্ডের পূর্বাংশ জুড়ে এটি চালু করা হচ্ছে।

## My Care Record কিভাবে কাজ করে?

My Care Record হল স্বাস্থ্য ও পরিচর্যা সংক্রান্ত তথ্যাবলী একত্রিত করে পরিচর্যার উন্নতির একটি কার্যধারা।

অঞ্চলটি জুড়ে অনেকগুলি বিভিন্ন সুরক্ষিত কম্পিউটার সিস্টেম ব্যবহৃত হচ্ছে। এর মাধ্যমে স্বাস্থ্য ও পরিচর্যা পেশাদাররা অন্যান্য পরিষেবাগুলির কাছে থাকা আপনার রেকর্ডগুলি ডিজিটালভাবে অ্যাক্‌সেস করতে পারেন। কিছু ক্ষেত্রে ইতোমধ্যেই সিস্টেমগুলি রয়েছে, বাকী ক্ষেত্রগুলিতে আরো কাজ চলছে।

My Care Record এছাড়াও সংশ্লিষ্ট সমস্ত সংস্থার মধ্যে একটি চুক্তি প্রদান করে। এর মানে হল তারা আপনার পরিচর্যার উন্নতিতে সহায়তার জন্য একটি সুরক্ষিত ভাবে তথ্যাবলী ভাগ করে নেওয়ার জন্য দায়বদ্ধ রয়েছে।

## কারা আমার তথ্যাবলী দেখতে পাবেন?

যেখানেই সম্ভব হবে, স্বাস্থ্য ও পরিচর্যা পেশাদাররা অন্যান্য পরিষেবা থেকে আপনার রেকর্ডগুলি অ্যাক্‌সেস করতে সক্ষম হবেন, যেখানে তা আপনার পরিচর্যার জন্য প্রয়োজনীয় হবে।

My Care Record শুধুমাত্র আপনার পরিচর্যার সাথে সংশ্লিষ্ট পেশাদারদের দ্বারা ব্যবহৃত হবে। এর জন্য আপনার বেনেফিট বা আর্থিক সুবিধাগুলির উপর কোন প্রভাব পড়বে না। আপনার পরিচর্যার সাথে সরাসরি সংশ্লিষ্ট না থাকা তৃতীয় পক্ষগুলি, কোম্পানীগুলি বা ব্যক্তিরা আপনার রেকর্ড দেখতে সক্ষম হবেন না।



My Care Record কার্যধারাটি জেনারেল ডেটা প্রোটেকশন রেগুলেশন (GDPR) মেনে চলছে। আপনার সমস্ত তথ্যাবলী সুরক্ষিতভাবে প্রক্রিয়াকৃত হবে।

পরিষেবাগুলির উন্নতি ও ভবিষ্যত পরিকল্পনার ক্ষেত্রে সহায়তার জন্যও নির্দিষ্ট কিছু তথ্য ব্যবহৃত হতে পারে। উদাহরণস্বরূপ, এটি আমাদেরকে ভবিষ্যতে আপনার দেখাশোনার জন্য প্রয়োজনীয় ডাক্তার, নার্স বা পরিচর্যা কর্মীদের সংখ্যা পরিকল্পনা করতে সহায়তা করবে। যে ব্যক্তিরা এই তথ্যাবলী নিয়ে কাজ করবেন, তারা আপনাকে চিহ্নিতকারী তথ্য যেমন আপনার নাম ইত্যাদি দেখতে পাবেন না।

## আমি কি আপত্তি করতে পারি?

আপনি পরিষেবাগুলির সাথে আপনার রেকর্ড ভাগ করে নেওয়ার ব্যাপারে আপত্তি করতে পারেন। আপনি যদি আপত্তি করতে চান, আপনার দেখাশোনা করা স্বাস্থ্য ও পরিচর্যা পেশাদারের সাথে আপনার কথা বলা উচিত। যেমন, আপনার জিপি (GP)।

তথ্য ভাগ করে নেওয়ার ব্যাপারটি প্রায়শঃ আপনার পরিচর্যার ক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়ায়। ভাগ না করে নেওয়ার মানে হল, আপনাকে সহায়তা করার সেরা উপায় নির্ণয় করার জন্য অপেক্ষাকৃত বেশী সময় লাগতে পারে। আপনাকে পরিচর্যা প্রদানের জন্য অনেকগুলি পরিষেবাকে তথ্য ভাগ করে নিতে হয়।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে, আপনার জিপি (GP) বা আপনাকে সহায়তাকারী অন্য কোন স্বাস্থ্য ও পরিচর্যা পেশাদারের সাথে কথা বলুন।

**অংশগ্রহণকারী সংস্থাগুলির একটি তালিকা সহ, আরো তথ্যাবলীর জন্য এই সাইটে আসুন www.mycarerecord.org.uk।**

October 2020 V1.0
Bengali (Bangladesh)